

শিক্ষা প্রতিমন্ত্রীর সঙ্গে বাকবিশিষ প্রতিিনিধিদলের সাক্ষাৎ

রোববার বিকেন্স ৩টায় শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহসানুল হক মিলনের সঙ্গে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বাকবিশিষ কেন্দ্রীয় কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ২৬ সদস্যের বাকবিশিষ প্রতিিনিধিদলের নেতৃত্ব দেন সমিতির সভাপতি অধ্যক্ষ মো. শাহজাহান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. আবদুর রশীদ। বাকবিশিষের পক্ষ থেকে জোট সরকারের নির্বাচনী অঙ্গীকার মোতাবেক বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারি অংশ ১০% বৃদ্ধি করে ১০০%-এ উন্নীতকরণ, ফেল অনুমারে বাড়ি জাড়া প্রদান, বছরে দু'টি উৎসব ভাতা, অনুপাত প্রথা বাতিল করে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ব্যবস্থা করা, সরকারি কলেজের মতো বেসরকারি কলেজে সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদ সৃষ্টি, শিক্ষক নিয়োগকে দুর্নীতি ও পক্ষপাতমুক্ত করার জন্য বতর কলেজ সার্ভিস গঠন, জোট সরকারের আমলে সমিতির সাধারণ সম্পাদক ও তেজগাঁও কলেজের অধ্যক্ষ মো. আবদুর রশীদের সাময়িক বরখাস্তের আদেশ অবিলম্বে প্রত্যাহার করে পদে পুনর্বহাল এবং বেসরকারি কলেজের শিক্ষকদের শিক্ষা সপ্তমিষ্ট দত্তর, বোর্ড ও বিশ্ববিদ্যালয়ে প্রেষণে নিয়োগ দেয়াসহ ১০ দফা পুরণের দাবি জানানো হয়।

প্রতিমন্ত্রী দাবিদেলার সঙ্গে ঐকমত্য পোষণ করেন। আসন্ন বাজেটে যাতে বেতন ১০% বৃদ্ধি করে ১০০%-এ উন্নীত করা যায় সে লক্ষ্যে শিক্ষামন্ত্রী ও প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন বলে তিনি আশাস দেন এবং বলেন, এ বিষয়ে নির্বাচনী অঙ্গীকার অবশ্যই পূরণ করা হবে। বাড়ি জাড়া, উৎসব বোনাস প্রভৃতি সক্রিয় বিবেচনায় রয়েছে বলে তিনি জানান। সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে জটিলতা নিরসন, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদ সৃষ্টির বিষয় দে হতে শিক্ষা সচিবকে দায়িত্ব প্রদান করেন। বেসরকারি কলেজের শিক্ষকদের তিনি অফিসসহ বিভিন্ন শিক্ষা সপ্তমিষ্ট দত্তরে প্রেষণে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত ইতোমধ্যেই গৃহীত হয়েছে বলে জানান। তিনি তেজগাঁও কলেজের অধ্যক্ষ মো. আবদুর রশীদের সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের বিষয়ে বিভিন্ন পর্যায়ে আলাপ-আলোচনার আশাস দেন। তিনি বাকবিশিষ-এর ন্যায়সঙ্গত ১০ দফা দাবি অর্ধের সংকুলান সাপেক্ষে যত শিগদির সম্ভব পুরণের অঙ্গীকার করেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক শফিকুল মাওদা, অধ্যাপক সিরাজুল হক আলো, উপাধ্যাক নজরুল মজিদ, অধ্যাপক এস. এন রায় সমর, অধ্যাপক মোস্তফা হাকিম-অর-রশীদ, অধ্যাপক আশরাফুল আলম, অধ্যাপক আবদুস সালাম, অধ্যাক মহীউল্লাহ, অধ্যাক মো. আসী চৌধুরী, অধ্যাপক অপোক উল, অধ্যাপক নূর আলম, অধ্যাপক গোলাম ফারুক, অধ্যাপক ইসমাইল হোসেন, অধ্যাপক আফতাব উদ্দিন, উপাধ্যাক মোশারফ হোসেন, অধ্যাপক অলিউর রহমান, অধ্যাপক রফিকুল ইসলাম গ্রন্থ।